

🏠 >> সারাদেশ

নেত্রকোনায় সাংবাদিককে গুলি করে হত্যা



লুৎফুজ্জামান আলিফ ফকির

নেত্রকোনা প্রতিনিধি

🕒 প্রকাশ: ১৫ অক্টোবর ২০২৬ | ২২:৩৪ | আপডেট: ১৫ অক্টোবর ২০২৬ | ২২:৩৪

নেত্রকোনার কলমাকান্দায় লুৎফুজ্জামান আলিফ ফকির নামে এক সাংবাদিককে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার রাত সোয়া আটটার দিকে উপজেলার শ্যামগঞ্জ-বিরিশিরা সড়কের উত্তরাইল বাজারে এ ঘটনা ঘটে। এ ঘটনায় জড়িত ব্যক্তিদের শনাক্ত ও গ্রেপ্তারে অভিযান চালাচ্ছে পুলিশ।

নিহত লুৎফুজ্জামান আলিফ বেসরকারি আইপিটিভি চ্যানেল রূপসী বাংলার নেত্রকোনা প্রতিনিধি হিসেবে কর্মরত ছিলেন। পাশাপাশি ‘ডিটেকটিভ আর্টিকেল’ নামে একটি ফেসবুক পেজ পরিচালনা করতেন তিনি। ওই পেজে বিভিন্ন অনিয়ম ও অপরাধ নিয়ে লেখালেখি করতেন। তার গ্রামের বাড়ি কলমাকান্দা উপজেলার পোগলা ইউনিয়নের সুনই গ্রামে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, বৃহস্পতিবার রাতে উত্তরাইল বাজারের একটি দোকানের সামনে ছিলেন লুৎফুজ্জামান। এ সময় মোটরসাইকেলে করে আসা দুই যুবক তাকে লক্ষ্য করে পরপর কয়েকটি গুলি ছোড়ে। গুলির শব্দ শুনে স্থানীয় লোকজন এগিয়ে এলে হামলাকারীরা মোটরসাইকেল নিয়ে পালিয়ে যায়। পরে স্থানীয় ব্যক্তির তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

ঘটনার প্রত্যক্ষদর্শী চা-দোকানি রবিন রাংছা জানান, লুৎফুজ্জামান তার দোকানে চা পান করে বাসার উদ্দেশ্যে বের হচ্ছিলেন। তখন তিনি দোকানে কাপ পরিষ্কার করছিলেন। এ সময় দুই যুবক এসে প্রথমে সিগারেট চান। এরপর হঠাৎ লুৎফুজ্জামানকে লক্ষ্য করে গুলি ছোড়েন তারা। আশপাশের লোকজন এগিয়ে এলে হামলাকারীরা মোটরসাইকেলে করে পালিয়ে যান।

দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার শাকের আহমদ খান বলেন, নিহত সাংবাদিকের মাথা, গলা, বুকসহ শরীরের বিভিন্ন স্থানে পাঁচটি গুলির চিহ্ন পাওয়া গেছে। হত্যাকাণ্ডের ঘটনাটি তদন্ত করা হচ্ছে।

নেত্রকোনার পুলিশ সুপার মো. তরিকুল ইসলাম বলেন, প্রাথমিকভাবে ঘটনাটিকে পরিকল্পিত হত্যাকাণ্ড বলে ধারণা করা হচ্ছে। জড়িত ব্যক্তিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে।

এর আগে গত বছরের ১০ নভেম্বর দুপুরে সোমেশ্বরী নদীর তেরিবাজার ঘাট এলাকায় দুর্বৃত্তদের হামলার শিকার হয়েছিলেন লুৎফুজ্জামান আলিফ। সে সময় তাকে কুপিয়ে জখম করা হয়। তার সঙ্গে থাকা এক সহকর্মী বাধা দিতে গেলে তাকেও অস্ত্র দেখিয়ে ধাওয়া করা হয়েছিল।

বিষয় : নেত্রকোনা গুলি করে হত্যা সাংবাদিক খুন

আরও পড়ুন

● সর্বশেষ ●



মামলা তুলে নিতে
হুমকি, যুবদের চার
নেতাকর্মী কারাগারে



দেশি বাদ্যযন্ত্র তৈরিতে
আনন্দের চেয়ে
আক্ষেপই বেশি রবিনের



কোকেন সেবনের পর
রাস্তায় অচেতন
আমিরাতের রাজবধু...



চট্টগ্রাম বিমানবন্দরে
তার চুরি, গ্রেপ্তার ১



শরীআহ পরিপালন
জোরদারে স্ট্যান্ডার্ড
ইসলামী ব্যাংকের...



নেত্রকোনায়
সাংবাদিককে গুলি করে
হত্যা



দুই মাদককারবারিকে
ছিনিয়ে নিতে ফাঁড়িতে
হামলা, আহত ২ পুলি...



কটিয়াদীতে ৫০০
বছরের ঐতিহ্যবাহী
জমজমাট ঢাকের হাট

আরও পড়ুন >>





মামলা তুলে নিতে ছমকি, যুবদলের
চার নেতাকর্মী কারাগারে

🕒 আপডেট ১৫ অক্টোবর ২০২৬ | ২৩:৫৩



চট্টগ্রাম বিমানবন্দরে তার চুরি,
গ্রেপ্তার ১

🕒 আপডেট ১৫ অক্টোবর ২০২৬ | ২২:৪৬



দেশি বাদ্যযন্ত্র তৈরিতে আনন্দের
চেয়ে আক্ষেপই বেশি রবিনের

🕒 আপডেট ১৫ অক্টোবর ২০২৬ | ২৩:০৭



দুই মাদককারবারিকে ছিনিয়ে নিতে
ফাঁড়িতে হামলা, আহত ২ পুলিশ
সদস্য

🕒 আপডেট ১৫ অক্টোবর ২০২৬ | ২২:৩৩

বিশেষ আয়োজন
ফিচার

কালের খেয়া
আর্কাইভ

বিশেষ সমকাল
ছবি

বিজ্ঞাপন মূল্য তালিকা
ভিডিও

ইউনিকোড কনভার্টার
ই-পেপার

PRIVACY POLICY

TERMS OF USE

SAMAKAL ALL RIGHTS RESERVED

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী

প্রকাশক : আবুল কালাম আজাদ

ফোন : ৫৫০২৯৮৩২-৩৮

বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮

ই-মেইল: samakalad@gmail.com,

marketingonline@samakal.com

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮-৭ তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা - ১২০৮

ফলো করুন সমকাল-এর খবর



সমকাল

© ২০০৫ - ২০২৬ সমকাল কর্তৃক সর্বসত্ত্ব © সংরক্ষিত